

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ প্রকাশ

অনলাইন ডেক্স

২৪ সেপ্টেম্বর ২০২৫, ০৮:৩৫ পিএম



শিক্ষা মন্ত্রণালয়

রাজধানীর শীর্ষ সাত সরকারি কলেজ নিয়ে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অধ্যাদেশ প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়। আজ বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওবেসাইটে ‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ, ২০২৫’-এর খসড়া প্রকাশ করা হয়।

খসড়া অধ্যাদেশের ওপর অংশীজনের মতামত আহ্বান করেছে শিক্ষা মন্ত্রণালয়।

অধ্যাদেশে বলা হয়, ঢাকা মহানগরের সরকারি সাত কলেজের সমন্বয়ে প্রস্তাবিত ‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি’ স্থাপনের লক্ষ্যে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ, ২০২৫-এর খসড়া পাঠানো হলো।

খসড়া অধ্যাদেশ নিয়ে ds_univl@moedu.gov.bd ই-মেইল অথবা সিনিয়র সহকারী সচিব, সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ১৭ তলা, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আগামী সাত কার্যদিবসের মধ্যে মতামত দেওয়ার অনুরোধ করা হয়েছে।